

আজু সখি মৃহু মৃহু
 গাছে পিক কুহু কুহু,
 কুঞ্জবনে হুহু হুহু
 দোহার পানে চায়।
 যুবন মদ-বিলসিত,
 পুলকে হিয়া উলসিত,
 অবশ তমু অলসিত
 মূরছি জনু যায়।
 আজু মধু চাদনী
 প্রাণ উনমাদনী,
 শিথিল সব বাধনী,
 শিথিল ভই লাজ।
 বচন মৃহু মরমর,
 কাপে রিঝ ধরথর,
 শিহরে তমু জরজর
 কুশুম-বন মাঝ।
 মলয় মৃহু কলয়িছে,
 চরণ নহি চলয়িছে,

বচন মুহূ খলয়িছে,
 অঞ্চল লুটায় ।
 আধফুট শতদল,
 ধায়ুভরে টলমল,
 আঁখি জমু চলচল
 চাহিতে নাহি চায় !
 অলকে ফুল কাপয়ি
 কপোলে পড়ে কাপয়ি,
 অধু অনলে তাপয়ি
 খসয়ি পড়ু পায় !
 ঝরই শিরে ফুসদল,
 যমুনা বহে কলকল,
 হাসে শশি চলচল
 ভানু মরি যায় ।
